

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

স্মারক নং ৩৯.০০.০০০০.০৩৫.২২.০০৭.২৪ (অংশ নথি).১৫৯


তারিখ: ১১ চৈত্র ১৪৩১
২৫ মার্চ ২০২৫

বিষয়: বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট-এর নাম পরিবর্তন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫'-গেজেটে প্রকাশের জন্য প্রেরিত নথিটি ভেটিং সাপেক্ষে গেজেটসহ পাওয়া গেছে।

০২। বর্ণিতাবস্থায়, নাম পরিবর্তনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


২৫.০৩.২০২৫
ড. মোঃ মতিউর রহমান
উপসচিব
ফোন: ৯৫১৫৪৩৩
Email-st8@most.gov.bd

উপপরিচালক

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (বিপ্র) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (বিপ্র-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ০৬ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ২০ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং ০৯ (মুঃ ও প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৫ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৯ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০৯, ২০২৫

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬ সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬ (২০১৬ সনের ০৪ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

(৩১৯১)

মূল্য : ৪.০০

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১৬ সনের ০৪ নং আইনের পূর্ণাঙ্গ শিরোনাম এর সংশোধন।—বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬ (২০১৬ সনের ০৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর পূর্ণাঙ্গ শিরোনামে উল্লিখিত “বঙ্গবন্ধু” শব্দ বিলুপ্ত হইবে।

৩। ২০১৬ সনের ০৪ নং আইনের প্রস্তাবনার সংশোধন।—উক্ত আইনের প্রস্তাবনায় উল্লিখিত “বঙ্গবন্ধু” শব্দ বিলুপ্ত হইবে।

৪। ২০১৬ সনের ০৪ নং আইনের ধারা ১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “বঙ্গবন্ধু” শব্দ বিলুপ্ত হইবে।

৫। ২০১৬ সনের ০৪ নং আইনের ধারা ২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২ এর দফা (২) এ উল্লিখিত “বঙ্গবন্ধু” শব্দ বিলুপ্ত হইবে।

৬। ২০১৬ সনের ০৪ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “বঙ্গবন্ধু” শব্দ বিলুপ্ত হইবে।

৭। বিশেষ বিধান।—এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি, প্রবিধান বা অন্য কোনো আইনগত দলিল বা জারীকৃত কোনো বিশেষ বা সাধারণ আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে, প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে, উল্লিখিত “বঙ্গবন্ধু” শব্দ বিলুপ্ত হইবে।

তারিখ: ০৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব।